

## ৮ অ্যাকাউন্ট্যান্ট রাজ্য পর্যটন বিভাগে

পশ্চিমবঙ্গ টুরিজম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড অ্যাকাউন্ট্যান্ট হিসাবে ৮ জন লোক নিচ্ছে। প্রথম শ্রেণির নম্বর পেয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশরা কমার্স শাখার গ্র্যাজুয়েট হলে যোগ্য। ট্যালি ই.আর.পি. ৭'এ দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৩৭ বছরের মধ্যে। তপশিলী আর ও.বি.সি. ২রা ৫ বছর বয়সে ছাড় পাবেন। কোনো সরকারি বা, প্রাইভেট সেক্টরে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পারিশ্রমিক মাসে ১৫,০০০ টাকা। এবছর ফেব্রুয়ারিতে যাঁরা দরখাস্ত করেছিলেন, তাঁরা আবেদন করবেন না। উত্তরবঙ্গের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। দরখাস্ত করবেন সাধারণ কাগজে, পুরো বায়োডাটা দিয়ে। সঙ্গে দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো। দরখাস্ত পৌঁছনো চাই ২০ সেপ্টেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Managing Director, WBTDCLtd, Udayachal Tourist Lodge, Block DG, Sector -II, Salt Lake City, Kolkata - 700 091.